

বিদ্যালয়ের নেতৃত্ব: অন্তর্ভুক্তিকরণ

বাংলা

আমাদের সরকারের নীতি হল অন্তর্ভুক্তিমূলক শিক্ষা। আমাদের স্কুলে আমরা কোন রকম বিভেদ না করে প্রত্যেক শিশুকে ভর্তি করি। আমরা ভর্তির সময়, এমনকি তাদের কোন পরীক্ষাও নিই না।

যদি কোন পড়ুয়া অষ্টম শ্রেণীর পরীক্ষায় পাস করে, এবং সে যদি আমাদের স্কুলে ভর্তি হতে চায়, সেক্ষেত্রে তার জাত বা শ্রেণী নির্বিশেষে সে ভর্তি হতে পারে। একটি শারীরিক প্রতিবন্ধকতায়ুক্ত শিশুকেও সমান গুরুত্ব দেওয়া হয়।

সুশীল আমাদের স্কুলের নবম শ্রেণীর একজন ছাত্র, সে জুলাই মাসে ভর্তি হয়েছিল। তার চিন্তাধারা খুবই স্পষ্ট। সে যে কোন বিষয়বস্তু বা যে কোন বয়স অথবা শ্রেণী নির্দিষ্ট প্রয়োজনীয়তার সাথে মানিয়ে নিতে পারে।

সে অন্য পড়ুয়াদের চেয়ে ভাল করতে সক্ষম। আপনি দেখেছেন যে, তার দুটো হাতই নেই। সে তার পা দিয়ে লেখে।

পা দিয়ে লেখার জন্য তাকে ভারসাম্য রক্ষাতেও সমর্থ হতে হয়। সে মেঝেতে বসে লেখে। ব্যক্তিগতভাবে আমি মনে করি যে, এই ছাত্রটি খুব ভালো করতে পারে এবং আমাদের দায়িত্ব হল, তাকে একটি যথাযথ পরিবেশ প্রদান করা।

আমাদের দায়িত্ব হল তাকে একটি পড়াশোনার পরিবেশ দেওয়া এবং সে যাতে কোন সমস্যার সম্মুখীন না হয় তা নিশ্চিত করা।